যুগান্তর

তারিখ ... 17 JAN 2016 ...
পৃ ... কলাম ...

শিক্ষিকাকে উত্ত্যক্ত করার জের

# নোবিপ্রবির ৪ ছাত্রলীগ ক্যাডারকে বহিষ্কার

**স্টাফ রিপোর্টার,** *নোয়াখালী*

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষিকাকে উত্ত্যক্ত করার অভিযোগে ভাষা শহীদ আবদুস সালাম হলের ৪ ছাত্রলীগ ক্যাডারকে নোবিপ্রবি থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। ওই হলের অর্থনৈতিক বিভাগের নবম ব্যাচের শিক্ষার্থী মাহমুদুল হাসান, একই ব্যাচের আইসিই বিভাগের ছাত্র সবুজ ইসলাম, পালিত গণিত বিভাগের দশম ব্যাচের ছাত্র শাহিন আলম স্বাধীন ও একই ব্যাচের এগ্রিকালচারাল বিভাগের ছাত্র খায়রুল বাশার বিপ্লব। প্রত্যক্ষদর্শী শিক্ষক ও কর্মচারীরা জানান, দীর্ঘদিন ধরে ওই হলের ছাত্রলীগের ৪ ক্যাডার পাশের বঙ্গমাতা ফজিলাতুন্নেছা ছাত্রী হলের শিক্ষার্থীদের ছাত্রীনিবাসে ও ক্লাসে আসা-যাওয়ার পথে প্রায়ই উত্ত্যক্ত করে আসছিল। ওই ক্যাডাররা ছাত্রীদের উত্ত্যক্ত করায় তাদের বিরুদ্ধে নোবিপ্রবি আইনশৃঙ্খলা সভায় একাধিকবার সতর্ক করলেও আমলে নেয়নি। শুক্রবার বিকাল সাড়ে ৪টায় নোবিপ্রবির এক শিক্ষিকা একাডেমির দক্ষিণ পাশের পুকুর এলাকায় ঘোরাফেরা করছিলেন। এ সময় ওই ক্যাডাররা ঘটনাস্থলে গিয়ে শিক্ষিকাকে লক্ষ্য করে আপত্তিকর আচরণ করে। তাদের বাধা দিলে শিক্ষিকাকে প্রাণনাশের হুমকি দেয়। একপর্যায় শিক্ষিকা নোবিপ্রবি শৃংখলা কমিটির সভাপতি ও সদস্যদের জানান। রাত ৮টায় ভিসির সভাপতিত্বে শিক্ষক মিলনায়তনে জরুরি আইনশৃংখলা বৈঠক হয়েছে। ওই বৈঠকে অভিযোগ প্রমাণিত হওয়ায় ৪ ছাত্রলীগ ক্যাডারকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। এদিকে ভিসি প্রফেসর ওহীদুজ্জামানকে একাধিকবার চেষ্টা করেও মোবাইল বন্ধ থাকায় তার মতামত নেয়া সম্ভব হয়নি। তবে প্রক্টর ডক্টর মুশফিকুর রহমান যুগান্তরকে জানান, ওই হলের ৪ ছাত্রলীগ কর্মী নোবিপ্রবি শিক্ষিকাকে উত্ত্যক্ত করায় তাদের বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।